



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্রেস রিলিজ

১৭ মার্চ, ২০২২

# বাউবি'তে বঙ্গবন্ধুর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উদযাপন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে আজ ১৭ মার্চ ২০২২ যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস উদযাপিত হয়। সকাল ৬:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলনের মাধ্যমে এ কর্মসূচি শুরু হয়। সকাল ৯:০০ টায় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে গাজীপুর ক্যাম্পাসে ‘স্বাধীনতার চিরন্তন’ স্মারক ভাস্কর্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে এবং ধানমন্ডি ৩২ নম্বরে দুপুর ১২:০০ টায় বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়।



উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করছেন বাউবি'র শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, ডিন ও পরিচালকবৃন্দ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বাস্থ্যবিধি মেনে নিরাপদ দূরত্ব বজায় রেখে উপস্থিত ছিলেন। এছাড়াও বাউবি'র শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, ডিরেক্টরস কাউন্সিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

এ উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে “বই গাড়ী মেলা” আয়োজন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এই মেলার উদ্বোধন করেন। এছাড়া বাউবি'র শিক্ষক সমিতির আয়োজনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের শিশু সন্তান এবং স্থানীয় স্কুলের শিশুদের নিয়ে চিত্রাংকন, বই পড়া ও ৭ মার্চের ভাষণ মুখস্ত বলা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

**স্বাক্ষর**

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪